ক্যাণ্টনমেন্ট বোর্ড অফিস
ঢাকা ক্যাণ্টনমেন্ট
ঢাকা।

====

নং-ঢাক্যাবো/জি এ/৯/১৬/২২৫ তারিখঃ ১৬ মাঘ, ১৪০০ বাংলা / ২৭ জানুয়ারী, ১৯৯৪ ইং।

ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ডের ২২-১-৯৪ ইং তারিখের সভার কার্য বিবরণী।

ঢাকা ক্যাণ্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ২২-১-৯৪ ইং বেলা ১০-০০ ঘটিকায় ক্যাণ্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট কর্ণেল মোঃ শাহজাহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার মুখলেছুর রহমান খান<br>এস ই এম ও এবং অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ২। | লেঃ কর্ণেল মোঃ আমিনুর রহমান<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত। |
| ৩। | স্কোয়াড্রন লীডার মোঃ সফিউল ইসলাম, এ এন্ড এস ডি<br>বি এ এফ বেস বাশার,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৪। | লেঃ এম এন ইসলাম (এস ডি) (এস) বি এন,<br>বি এন এস হাজী মহসিন,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যাণ্টনমেন্ট আবাসিক এলাকা,<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৬। | ফ্লাঃ লেঃ এ বি এম এ রশিদ (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৭। | জনাব মোঃ মুয়াজ্জেম হোসাইন,<br>প্রথম শ্রেনীর ম্যাজিষ্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - উপস্থিত। |
| ৮। | লেঃ কর্ণেল শামছুল হক (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ৯। | উইং কমান্ডার এম, শামছুর রহমান (অবঃ)<br>ডি ও এইচ এস বনানী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১০। | গ্রুপ ক্যাপ্টেন খায়রুজ্জামান (অবঃ)<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি। | | - উপস্থিত। |
| ১১। | লেঃ কর্ণেল শামছুল আলম জোয়ারদার (অবঃ)<br>ডি ও এইচ এস মহাখালী এর প্রতিনিধি। | | |
| ১২। | জনাব মোঃ আবদুল করিম<br>ক্যাণ্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার<br>ঢাকা সেনানিবাস। | - সেক্রেটারী | - উপস্থিত। |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর আলোকে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয় ঃ-

২য় পৃঃ দ্রঃ

প্রস্তাব নং-১ ঃ ১০-১১-৯৩ ইং তারিখের বোর্ড সভার কার্য বিবরণী অনুমোদন ঃ

গৃহীত সিদ্ধান্ত ঃ- উক্ত সভার কার্য বিবরণী অনুমোদন করা গেল। বোর্ডের দুইজন সম্মানিত সদস্য উল্লেখ করেন পূর্ববর্তী সভায় ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে কর্মরত রেভিনিউ কনজারভেন্সী শাখার কর্মচারীদেরকে পোষাক ও ব্যাজ দেওয়ার বিষয়টি আলোচিত হইলেও কার্য বিবরণীতে উহা উল্লেখ করা হয় নাই। ফ্লাঃ লেঃ (অবঃ) এ বি এম এ রশিদ এর Note of dissent বিস্তারিত ভাবে কার্য বিবরণীতে উল্লেখ না থাকায় উক্ত নোট পরবর্তী কার্যক্রমের জন্য হুবহু সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরনের জন্য সি ই ও'কে অনুরোধ করা গেল। অধিকন্তু উক্ত সভায় শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের নিম্নবর্ণিত ছাত্রগণের বিরুদ্ধে ১৬-১০-৯৩ ইং তারিখে শৃঙ্খলা ভংগ জনিত অপরাধের কারণে নিম্নলিখিত শাস্তি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইয়াছিল যাহা এক্ষনে রেকর্ডভুক্ত/কনফার্ম করা গেল ঃ-

| ক্রমিক নং | ছাত্রের নাম | পিতার নাম | শ্রেনী | রোল নং | প্রদত্ত শাস্তি (জরিমানা |
|---|---|---|---|---|---|
| (১) | মোঃ আমিনুল ইসলাম | মোঃ আবদুল্লাহ হাবিঃ (অবঃ) | ১০ম | ৯ | ৫০০/-টাকা |
| (২) | মোঃ জহিরুল কাইয়ুম | মোঃ জিল্লুর রহমান | ১০ম | ২০ | ৫০০/- টাকা |
| (৩) | মোঃ আবু সায়েম | মোঃ আবদুল হাই | ১০ম | ৪৯ | ৫০০/- টাকা |
| (৪) | মোঃ এমদাদুল ইসলাম | মোঃ জামাল হোসেন | ১০ম | ৫৫ | ৫০০/- টাকা |
| (৫) | মোঃ আক্তার হোসেন | মোঃ আলী হোসেন খান | ১০ম | ৭০ | ৫০০/- টাকা |
| (৬) | মোঃ মোমেন উদ্দিন | মোঃ মোসলেম উদ্দিন | ১০ম | ৭৫ | ৫০০/- টাকা |
| (৭) | মোঃ রেজাউল করিম | মোঃ বাহাউদ্দিন | ১০ম | ৭৮ | ৫০০/- টাকা |
| (৮) | মোঃ মারুফ হোসেন | মোঃ আবদুল সোবহান | ১০ম | ৮৪ | ৫০০/- টাকা |
| (৯) | মামুনুর রেজা | হাবিলদার আবদুল কাদের | ৯ম | ৬০ | ১০০/-টাকা |

প্রস্তাব নং-২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর, ৯৩ ইং মাসের আয়-ব্যয় অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্ত ঃ- উক্ত হিসাব অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-৩ ঃ বিভিন্ন প্রকল্পের সর্বনিম্ন দরপত্র অনুমোদন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ- নিম্নবর্ণিত প্রকল্পগুলির জন্য টেন্ডারের মাধ্যমে ইতিপূর্বে প্রাপ্ত সর্বনিম্ন দরপত্র সমূহ নিম্নলিখিত অনুমোদন করা গেল ঃ-

৩য় পৃঃ দ্রঃ

৩য় পৃঃ দ্রঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | মূল্যানুমান (এমইএস সিডিউল অব রেইটস্, ১৯৯০ইং অনুযায়ী) | সর্বনিম্ন দরপত্রদাতার নাম ও ঠিকানা | ঠিকাদারের উদ্ধৃত সর্বনিম্ন দর | বোর্ড কর্তৃক অনুমোদিত দর (এমইএস সিডিউল,৯০অনুযায়ী) |
|---|---|---|---|---|---|
| | | | | সিডিউল সম হারে | সিডিউল সম হারে |
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকায় প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণ করণ। | ২১,৬০,৪০০·০০টাকা | মেসার্স আমিন ব্রাদার্স সিবি-২০৯, কচুক্ষেত ঢাকা সেনানিবাস। | | |
| (২) | মুসলিম মডার্ণ একাডেমীর রাস্তা পি সি সি করণ। | ২,৩৯,৭৫৬·০০ " | মেসার্স ফ্রেন্ডস কর্ণার সিবি-৩২ কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস। | ১৭% নিম্নে | ১৭% নিম্নে |
| (৩) | ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি দোকান নির্মাণ করণ | ৭৯,৫৭০·০০ | মেসার্স এম আর এন্টারপ্রাইজ সিবি-১৮২ কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস। | ৮% নিম্নে | ৮% নিম্নে |
| (৪) | ...দের মিজউদ্দিন উচ্চ ...য়ের মেরামত ... করণ। | ২,০০,৮০১·০০ | মেসার্স গাজী এন্ড কোঃ লিঃ ডি/২১ মহাখালী বাজার রোড ঢাকা। | ২৫% নিম্নে | ২৫% নিম্নে |
| (৫) | বি এ এফ কুর্মিটোলা সিগন্যাল রোডের শেষাংশে ও শাহীন কলেজ এলাকায় সোডিয়াম লাইটের স্থলে ৪'-০" টিউব লাইট স্থাপন করণ। | ৮৭,৫৯৪·০০ | মেসার্স বাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল, ডি/৬০ ক্যান্ট সুপার মার্কেট ঢাকা ক্যান্টনমেন্ট। | ১৭% নিম্নে | ১৭% নিম্নে |
| (৬) | জিয়া কলোনী ও সি এম টি ডি'র সম্মুখস্থ কুর্মিটোলা সড়ক মেরামত করণ। | =৬,৯৩,৩৯৭·০০ | মেসার্স জি এম ট্রেডার্স সিবি-৩১, কচুক্ষেত ঢাকা ক্যান্ট। | ১২% নিম্নে | ১২% নিম্নে |
| (৭) | আদর্শ বিদ্যা নিকেতন, মানিকদী এর জন্য পাকা নূতন ভবন নির্মাণ করণ। | =৩১,৩১,৪৫১·০০ | -মেসার্স হুরা এন্টারপ্রাইজ ১৩, আরজতপাড়া, মহাখালী ঢাকা। | ৩% নিম্নে | ৩% নিম্নে |

সব প্রকল্প বাস্তবায়নে ক্যান্টনমেন্ট বোর্ডের ও টেন্ডার কমিটির সুপারভিশন অব্যাহত থাকিবে। অধিকন্তু ১নং ক্রমিকে বর্ণিত প্রকল্পটি গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) খায়রুজ্জামান ও লেঃ কর্ণেল (অবঃ) শামছুল আলম জোয়ারদার কর্তৃক এবং ৭ নং ক্রমিকের প্রকল্পটি জনাব মোঃ আজিজ খান ও মানিকদী স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক তত্ত্বাবধানে করা হইবে।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্প অনুমোদন করা।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্প সমূহ বাস্তবায়নের জন্য উহাদের মূল্যানুমান অনুমোদন করা গেল ঃ-

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ (এম ই এস সিডিউল অব রেইটস্, ১৯৯০ইং অনুযায়ী) | যৌক্তিকতা / মন্তব্য |
|---|---|---|---|
| (১) | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ সম্প্রসারণ করণ। | ১৯,৫০,০০০·০০ টাকা | - মুসল্লিদের নামাজের স্থান সংকুলানের জন্য। |
| (২) | কচুক্ষেত বাজারে কসাইখানা নির্মাণ। | ৩,৬৪,১৬০·০০ টাকা | - স্বাস্থ্য সম্মত উপায়ে পশু জবাই এবং ২৫-১-৯৩ইং তারিখের অফিসার পর্ষদের সুপারিশের প্রেক্ষিতে। |
| (৩) | মিরপুর লিংক রোড আর আই এস হইতে কচুক্ষেত এম পি চেক পোষ্ট পর্যন্ত রাস্তা মেরামত ও কার্পেটিংকরণ। | ৩,৭৫,৯২৫·৩৩ টাকা | - যানবাহন চলাচলের সুবিধার্থে। |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার মসজিদের প্রবেশ পথ এবং উত্তর পার্শ্বের খালি জায়গা পি সি সি করণ। | ১,৬৭,৪১১·১২ টাকা | - মুসল্লিদের সুবিধার্থে। |

৪র্থ পৃঃ দ্রঃ
======

| ক্রমিক নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ (এম ইএস সিডিউল অব রেইটস্, ১৯৯০ ইং অনুযায়ী | যৌক্তিকতা/মন্তব্য |
|---|---|---|---|
| (৫) | মহাখালী ডিওএইচএস মসজিদের ইমাম এর কোয়ার্টার নির্মাণ। | ১,৬৯,১৭৩·00 টাকা | - |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকার 'রাওয়া' ক্লাবের কোনায় প্রবেশ পথ। | ২৪,২১৪·৪৭ টাকা | - যানবাহন চলাচলের সুবিধার্থে। তথায় একজন ট্রাফিক পুলিশ নিয়োগের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে লিখা হোক। |
| (৭ | মহাখালী ডিওএইচএস রোড নং-৭ এবং পার্ক রোডের ড্রেন নির্মাণ করা। | ৩,০৫,০১৬·00টাকা | - বৃষ্টির পানি নিষ্কাশনের প্রয়োজনে। |
| (৮ | ক্যান্ট আবাসিক এলাকায় দুইতলা বিশিষ্ট প্রথম শ্রেণীর বাসস্থান নির্মাণ। | ১৮,০৭,২৮৭·00 টাকা | - প্রকল্পটি নীতিগত ভাবে অনুমোদন করা গেল। ৫ তলার ভিত বিশিষ্ট আপাততঃ ২টি প্রথম শ্রেণীর (ই-টাইপ) বাস ভবন নির্মাণ করা হোক যাহাতে ভবিষ্যতে উহার পার্শ্বে অনুরূপ আরো দুইটি বাস ভবন নির্মাণ করা যায়। এ লক্ষ্যে আগামী বোর্ডসভায় সংশোধিত মূল্যানুমান ও নকশা পেশ করা হোক। |
| (৯) | ঢাকা সেনানিবাসস্থ মুসলিম নর্দার্ণ একাডেমীর জন্য ৫০ (পঞ্চাশ) জোড়া উঁচু ও নীচু বেঞ্চ ও ৫টি শিক্ষক টেবিল সরবরাহকরণ। | ১,৪২,৩৩২·00 টাকা | - ছাত্র/ছাত্রীদের বসার সুবিধার্থে। |

<u>প্রস্তাব নং-৫</u> ঃ ডি ও এইচ এস এর নিরাপত্তা ব্যবস্থা প্রণয়ন ও মহাখালী ডি ও এইচ এস মসজিদ ফান্ড নিরীক্ষার ব্যাপারে অফিসার্স পর্ষদ গঠন করা। এই বিষয়ে সেনাসদর, কিউ এম জি'র শাখা, এম এন্ড কিউ পরিদপ্তরের পত্র নং-৩৯১৭/২/অফিসার/এম কিউ-৩, তারিখ ২৮-১১-৯৩ ইং উপস্থাপন করা গেল।

<u>গৃহীত সিদ্ধান্ত</u> ঃ- উপরোক্ত পত্রে বর্ণিত দায়িত্ব পালনের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি অফিসার পর্ষদ গঠন করা হইল ঃ-

<u>সভাপতি</u> ঃ গ্রুপ ক্যাপ্টেন [illegible]জ্জামান (অবঃ)
১৭৮, ডি ও এইচ এস মহাখালী।

সদস্য ঃ (১) লেঃ কর্ণেল মীর নজরুল ইসলাম (অবঃ)
বি/১৫৩ ডি ও এইচ এস মহাখালী।

(২) লেঃ কর্ণেল আবুল কাশেম (অবঃ)
বি/১৫৯ ডি ও এইচ এস মহাখালী।

মহাখালী ডি ও এইচ এস মসজিদ ফান্ড নিরীক্ষা করতঃ এ ব্যাপারে একটি প্রতিবেদন পেশ করার জন্য উক্ত কমিটিকে অনুরোধ করা গেল। একই কমিটি সামরিক অফিসার আবাসিক প্রকল্পের বরাদ্দকৃত প্লট, ফ্ল্যাট, রাস্তা-ঘাট ও অন্যান্য জিনিষপত্রের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কি কি পদক্ষেপ গ্রহন করা যায় সে ব্যাপারে প্রয়োজনীয় সুপারিশমালা প্রনয়ন করিবেন।

৫ম পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৬ ঃ** বিভিন্ন প্রতিষ্ঠানের নামে ট্রেড লাইসেন্স প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

(ক) কচুক্ষেত ২৯ নং হোল্ডিংয়ের মেসার্স সাতুরিয়ান ফ্যাশন (প্রাঃ) লিঃ এর নামে গার্মেন্টস ব্যবসার ট্রেড লাইসেন্স প্রদানের জন্য ম্যানেজিং ডাইরেক্টরের আবেদন উপস্থাপন করা হইল ।

(খ) কচুক্ষেত এলাকার ৪ নং হোল্ডিংয়ের জনাব মোঃ জাকির হোসেন ও জনাব মোঃ শাহাদাৎ হোসেন চৌধুরীকে একটি প্যাকেজিং কার্টুন নির্মাণ প্রতিষ্ঠানের জন্য ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা । আবেদনপত্র উপস্থাপন করা হইল ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** উপরোক্ত (ক) ও (খ) তে বর্ণিত / প্রার্থীত ট্রেড লাইসেন্স ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-৭ ঃ** ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য একটি নূতন পিকআপ ক্রয়ের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা ।

অত্র দপ্তরের বৈদ্যুতিক বিভাগের গত ০৭-১২-৭৮ ইং তারিখে ক্রয়কৃত পিকআপ খানা দীর্ঘদিন চলার পর বর্তমানে উহা চালানো ঝুঁকিপূর্ণ হইয়া পড়ায় উক্ত গাড়ীখানা নিলামে বিক্রয় করিয়া একখানা নূতন পিকআপ ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক কাজের সুবিধার্থে পুরাতন পিকআপ নং-ঢাকা মেট্রো-ন-১৫৪৫ নিলামে বিক্রয় করিয়া তদস্থলে একটি নূতন পিকআপ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হইল । এ ব্যাপারে চূড়ান্ত অনুমোদন প্রদান ও অর্থ বরাদ্দের জন্য 'সাভূস' অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক ।

**প্রস্তাব নং-৮ ঃ** ক্যান্ট বাজার এলাকার ৪০/এ বাড়ীর ৮ম তলা নির্মানের বিষয়ে আলোচনা করা ।

ক্যান্ট বাজার আবাসিক এলাকাস্থ বাড়ী নং-৪০/এ এর উপর ৬ষ্ঠ তলা হইতে ৮ম তলা নির্মানের ব্যাপারে ডঃ শিবলী সামায়ুন আমিনের গত ২১-১১-৯৩ ইং তারিখের আবেদনপত্র বিবেচনা করা ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** বিষয়টি অনুমোদন করা গেল না । বর্তমানে প্রচলিত বিল্ডিং বাই-'ল' অনুযায়ী ৫ম তলার বেশী উচ্চতা বিশিষ্ট ভবন নির্মাণ করা যাইবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হইল ।

**প্রস্তাব নং-৯ ঃ** পুরাতন বিমানবন্দর এলাকায় সর্বোচ্চ ১৩ তলা ভবন নির্মাণ প্রসংগে সিদ্ধান্ত গ্রহন ।

পুরাতন বিমানবন্দর এলাকায় সর্বোচ্চ ১৩ তলা ভবন নির্মানের ব্যাপারে এয়ার হেডকোয়ার্টার, প্রশাসন শাখার ১৩-১২-৯৩ ইং তারিখের এয়ার হেডকোঃ/২৮৭.৩/৪/ সার্ভিস নং পত্র (সংযোজিত পত্র সহ) উপস্থাপন করা গেল ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** এ সংক্রান্ত বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের ২৯-১১-৯৩ ইং তারিখের পলিসি পত্র সি এম ই এস (আর্মি) সহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট প্রেরনের জন্য সি ই ও'কে অনুরোধ করা গেল ।

**প্রস্তাব নং-১০ ঃ** ক্যান্ট বোর্ডের গ্যারেজ ও স্টাফ কোয়ার্টার স্থানান্তর ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের গ্যারেজ ও স্টাফ কোয়ার্টার স্থানান্তর প্রসংগে 'সাভূস' অধিদপ্তরের ০২-১-৯৪ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ৩৬-২/খা-৩/৪৭ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ-** ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান গ্যারেজটি সরাইয়া বোর্ডের নার্সারী এলাকায় নূতন ভবন নির্মানের জন্য শহীদ আনোয়ার গার্লস কলেজ কর্তৃপক্ষ ক্যান্ট বোর্ডকে প্রয়োজনীয় অর্থ অর্থাৎ ৩১,৫৬,০০০·০০ টাকা প্রদান করিলে উক্ত অর্থ দ্বারা নূতন গ্যারেজ নির্মাণ শেষে বর্তমান গ্যারেজের জায়গা উক্ত কলেজ কর্তৃপক্ষকে ছাড়িয়া দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হইল । নূতন প্রস্তাবিত গ্যারেজের জন্য ই-ইন-সি'র দপ্তর কর্তৃক প্রনীত নক্সা, ৩১,৫৬,০০০·০০ টাকার মূল্যায়ন ও সাইট প্ল্যান অনুমোদন করা গেল ।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ
========

**প্রস্তাব নং-১১ঃ** বার্ষিক হিসাব বিবরণ।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯২-৯৩ সালের বার্ষিক হিসাব বিবরণী অবহিত হওয়ার নিমিত্ত উক্ত হিসাব বিবরণী পেশ করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

**প্রস্তাব নং-১২ঃ** কবরের জায়গা সংরক্ষনের অনুমতি প্রদান।

গত ১৬-১০-৯৩ ইং তারিখের বোর্ড সভায় গৃহীত সিদ্ধান্ত নং-২৪ এর প্রেক্ষিতে কর্ণেল মোঃ লোকমান মোল্লা(অবঃ) এর স্ত্রীর কবরের পার্শ্বে তাঁহার নিজের জন্য কবরের জায়গা সংরক্ষনের বিষয় পুনঃ বিবেচনার জন্য তাঁহার ২১-১১-৯৩ ইং তারিখের আবেদন পত্র খানা উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত আবেদনটি বিবেচনা করা গেল না।

**প্রস্তাব নং-১৩ঃ** ট্রেড লাইসেন্স ইস্যু করণ।

ঢাকা সেনানিবাস এলাকাধীন আব্বাস গার্ডেনের ১২ নং বাড়ীতে ট্রেড লাইসেন্স প্রদানের জন্য এইচ কবির এন্ড কোং লিঃ এর ১৩-৭-৯৩ ইং তারিখের আবেদন উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** প্রচলিত ফি প্রদান সাপেক্ষে মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ এর অনুকূলে উপরোক্ত ঠিকানায় বন্ডেড ওয়্যার হাউজের ট্রেড লাইসেন্স ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৪ঃ** নার্সারীর জমির ইজারা নবায়ন।

বনানী কবর স্থানের পার্শ্বে ০.৭২ একর জমির এবং ডি ও এইচ এস মহাখালীর ০.৪৪ একর জমির ইজারা নবায়নের জন্য মেসার্স তরুকুঞ্জ নার্সারী(প্রাঃ) লিঃ এর আবেদন পত্র বিবেচনা করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মেসার্স তরুকুঞ্জ নার্সারী (প্রাঃ) লিঃ এর আবেদনের প্রেক্ষিতে বনানী কবরস্থান সংলগ্ন ০.৭২ একর জমির ইজারা ০১-১১-৯৩ ইং তারিখ হইতে এক বৎসরের জন্য ৩০,০০০.০০ টাকা অর্থের বিনিময়ে এবং মহাখালী ডি ও এইচ এস এলাকার পুকুর সংলগ্ন ০.৪৪ একর জমি ০১-১-৯৪ ইং হইতে এক বৎসরের জন্য ২৫,০০০.০০ টাকা অর্থের বিনিময়ে নবায়নের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৫ঃ** বাজার এলাকার ১০৫ নং প্লটের ইজারা নবায়ন।

ক্যান্ট আবাসিক এলাকার ১০৫ নং প্লটের ৩০ বৎসরের ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মূল ইজারা দলিলের আলোকে পরবর্তী মেয়াদে ইজারা নবায়নের বিষয়ে প্লটের বর্তমান মালিক মিসেস ইয়াসমিন মাহমুদের ১০-১০-৯৩ ইং তারিখের আবেদন এবং সংশ্লিষ্ট বিষয়ের উপর আইন উপদেষ্টার ০৬-১২-৯৩ ইং তারিখের মতামতের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি বিস্তারিত ব্যাখ্যা করিয়া এটর্নি জেনারেল এর মতামত সংগ্রহ পূর্বক এ ব্যাপারে সিদ্ধান্তের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র লিখার জন্য সি ই ও কে অনুরোধ করা গেল।

**প্রস্তাব নং-১৬ঃ** ক্যান্ট সুপার মার্কেটে সাব-পোষ্ট অফিস স্থাপন।

ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে একটি সাব-পোষ্ট অফিস স্থাপনের নিমিত্ত সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০-১০-৯৩ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৪২/শা-৭/২ নং পত্র এবং ডেপুটি পোষ্ট মাষ্টার জেনারেল, ঢাকা নগরীর উত্তর বিভাগ, ঢাকা এর ২০-১০-৯৩ ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্ট সুপার মার্কেটে একটি সাব-পোষ্ট অফিস স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল। বাজারে অবস্থিত ক্যান্ট বোর্ডের বৈদ্যুতিক সাব-ষ্টেশনের পার্শ্বে এ ব্যাপারে বোর্ডের তরফ হইতে একটি ভবন নির্মানের সিদ্ধান্ত গৃহীত হইল।

৭ম পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-১৭ঃ** শহীদ সাত্তার মার্কেটের দোকানের ভাড়া বৃদ্ধি ও ইজারা নবায়ন।

শহীদ সাত্তার মার্কেটের মাসিক ভাড়া বৃদ্ধি, চুক্তিপত্র নবায়ন, মার্কেট বিল্ডিং বর্ধিত করণ সহ হাসপাতাল নির্মানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে সাভূমে অধিদপ্তরের ৩০-১২-৯৩ ইং তারিখের ৭/এমএলএক্সসি/ঢাকা/১১৮/৩৬ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উক্ত বাজারে অবস্থিত ০৮ টি দোকানের ভাড়া বর্ধিত করিয়া ০১-১-৯৪ ইং হইতে নিম্ন বর্ণিত হারে পুনঃ নির্ধারণ করা গেল এবং ৩১-১২-৯৪ ইং তারিখ পর্যন্ত সকল দোকানের ইজারা নবায়নের সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

| ক্রমিক নং | আকার | বর্তমান মাসিক ভাড়া | পুনঃ নির্ধারিত মাসিক ভাড়া |
|---|---|---|---|
| ১ নং- | ১৯৬'২৪ বর্গফুট | ৩০০'০০ টাকা | ৫০০'০০ টাকা |
| ২ নং- | ১২৭'৩০ বর্গফুট | ২০০'০০ ,, | ৩৫০'০০ ,, |
| ৩ নং- | ১২৭'৩০ বর্গফুট | ২০০'০০ ,, | ৩৫০'০০ ,, |
| ৪ নং- | ১২৭'৩০ বর্গফুট | ২০০'০০ ,, | ৩৫০'০০ ,, |
| ৫ নং- | ১২৭'৩০ বর্গফুট | ২০০'০০ ,, | ৩৫০'০০ ,, |
| ৬ নং- | ২৩৫'৬৪ বর্গফুট | ৩৬০'০০ ,, | ৬০০'০০ ,, |
| ৭ নং- | ২৩৫'৬৪ বর্গফুট | ৩৬০'০০ ,, | ৬০০'০০ ,, |
| ৮ নং- | ২৫১'৮৫ বর্গফুট | ৪০০'০০ টাকা | ৬৫০'০০ টাকা। |

প্রত্যেক দোকানদারকে সকল বকেয়া ভাড়া অবিলম্বে পরিশোধ করিতে হইবে। ক্যান্ট জেনারেল হাসপাতাল সম্প্রসারনের কারনে অথবা বোর্ডের অন্য যে কোন প্রয়োজনে ৭ দিনের নোটিশে যে কোন দোকানের ইজারা বাতিল করা যাইবে।

**প্রস্তাব নং-১৮ঃ** বকেয়া গৃহকর আদায় এবং গৃহকর নির্ধারণ চূড়ান্ত করণ।

কমান্ডার টি আই এম নূরুন্নবীর নিকট হইতে ডি ও এইচ এস মহাখালীস্থ বি/১৬৪ নং বাড়ীর কর আদায়ের ব্যাপারে বোর্ডের পূর্ব সিদ্ধান্ত মোতাবেক আইন উপদেষ্টার মতামত উপস্থাপন করা হইল। কমান্ডার টি আই এম নূরুন্নবী ও ৯ নং আব্বাস গার্ডেনের মালিক জনাব আলী আহমদের গৃহকর সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের জন্য উভয়ের নথি উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** (ক) বি/১৬৪ নং বাড়ীর মালিকের বিরুদ্ধে বকেয়া গৃহকর আদায়ের জন্য চূড়ান্ত নোটিশ দিয়ে অবিলম্বে সার্টিফিকেট মামলা দায়েরের জন্য সি ই ও কে অনুরোধ করা গেল।

(খ) ১৯৮৪-৮৫ হইতে ১৯৯২-৯৩ সন পর্যন্ত সময়ের জন্য ৯ নং আব্বাস গার্ডেন এলাকার বাড়ীটির মোট বকেয়া গৃহকর ২৪,০০০/- টাকায় নির্ধারণ অনুমোদন করা গেল। ১৯৯৩-৯৪ হইতে উক্ত বাড়ীর গৃহকর বার্ষিক ১০,০০০/- টাকায় নির্ধারণ চূড়ান্ত করা গেল।

**প্রস্তাব নং-১৯ঃ** মিরপুরগামী রোডের পার্শ্বস্থ ১৯১/১ নং কচুক্ষেতের (মিলি সুপার মার্কেট বিল্ডিং) ১৯৯১-৯২ ইং আর্থিক বৎসরের ৩৮,০৬৫'০০ টাকা বকেয়া গৃহকর আদায় এবং ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ ইং আর্থিক বৎসরের জন্য আরোপিত গৃহকর চূড়ান্ত করনের নিমিত্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের ব্যাপারে সংশ্লিষ্ট নথি উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** মিলি সুপার মার্কেটের গৃহকর নিম্নলিখিত ভাবে প্রতি বর্গফুট ১'২৫ টাকা হারে সাময়িক ভাবে নির্ধারণ করা গেল ঃ-

(ক) ১৯৯১-৯২ সাল সংশোধিত হারে- ২৫,৮৮৩'০০ টাকা (২,৩,৪ তলা)।

(খ) ১৯৯২-৯৩ সালের জন্য- ৩১,৬৩৫'০০ টাকা (২,৩,৪ তলার জন্য)।

(গ) ১৯৯৩-৯৪ সালের জন্য- ৩৪,৫১২'০০ টাকা (২,৩,৪,৫ তলার জন্য)।

নীচতলা ও ৬ষ্ঠ তলা ভাড়া হইলে এবং প্রতি বর্গফুট ভাড়ার হার বর্ধিত হইলে গৃহকর তদনুযায়ী সংশোধন করা হইবে।

৮ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২০ঃ ক্যান্ট সুপার মার্কেটের বিভিন্ন দোকানের বকেয়া ভাড়ার উপর সারচার্জ মওকুফের বিষয়ে বিভিন্ন দোকানদারের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- বিশেষ বিবেচনায় নিম্নলিখিত দোকানদারদের বকেয়া জনিত সারচার্জ নিম্নলিখিতভাবে আদায়ের সিদ্ধান্ত গৃহীত হইল। সকল বকেয়া ভাড়া সারচার্জ সহ এক সাথে অবশ্যই পরিশোধ করিতে হইবে। ভবিষ্যতে এই ধরনের আবেদন বিবেচনা করা হইবে না।

| ক্রমিক নং | দোকান নং | বরাদ্দলাভকারীর নাম | বকেয়া ভাড়ার পরিমান। | সারচার্জের পরিমান। | যে হারে সারচার্জ আদায়ের অনুমোদন দেওয়া হইল। |
|---|---|---|---|---|---|
| (১) | ১৩/৭ | মেজর মোঃ সিরাজ (অবঃ) | ৩,৯৫০.০০ | ১৯,২২০/- | ১,০০০.০০ |
| (২) | এ/৬৬ | ফ্লাঃসার্জেন্ট মোহাম্মদ উল্ল্যাহ (মৃত)। | ১২,২০০.০০ | ৫৪,৯৬০/- | ১,০০০.০০ |
| (৩) | পার্ট/৩২ | নাঃসুঃসৈয়দ নুরুল হক(অবঃ) | ৭,৬১৮.০০ | ২৩,৯৮০/- | ১,০০০.০০ |
| (৪) | সি/২০২ | নায়েক(অবঃ) আঃ মালেক খলিফা। | ৩,২০০.০০ | ৭৬,২০০/- | ১,০০০.০০ |

প্রস্তাব নং-২১ঃ ক্যান্ট সুপার মার্কেট কমিটির সদস্যগনের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রসংগে।

সভাপতি, ক্যান্টনমেন্ট বোর্ডের ১১-১২-৯৩ ইং তারিখের ৬২৪/২/এ/পার্ট নং পত্র, অত্র দপ্তরের ১২-১২-৯৩ ইং তারিখের ক্যাঃসুঃমাঃ/কমিটি/২/X নং পত্র এবং বাজার কমিটির সভাপতির নিকট হইতে প্রাপ্ত ২-১-৯৪ ইং তারিখের চি,প নং/১/৪৮ নং পত্র এবং বর্তমান মার্কেট কমিটির বিরুদ্ধে ৪৭৮ জন দোকানদারের যৌথ অভিযোগ উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- ক্যান্ট সুপার মার্কেট কমিটির বিরুদ্ধে সংশ্লিষ্ট দোকানদারগন কর্তৃক আনীত অভিযোগটি অবহিত হইয়া উক্ত কমিটির সব্জি ও মুরগী ট্রেডের প্রতিনিধির দায়িত্বে নিয়োজিত সদস্যদ্বয় জনাব আফছার উদ্দিন আনোয়ার এবং জনাব মোঃ রুহুল আমিনের সদস্য পদ বাতিল করা গেল।

প্রস্তাব নং-২২ঃ মিরপুর ১৪ নম্বরে জায়গা বরাদ্দের আবেদন।

বিজেও ৩০৮০৯ সুবেঃ এম এ খালেক (অবঃ) এর ১৮-৮-৯৩ ইং তারিখের আবেদনের উপর মিরপুর ১৪ নং রোডে দোকানের জন্য জায়গা বরাদ্দের নিমিত্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- আবেদনটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২৩ঃ মিরপুর ১৪ নম্বরে অফিসের জায়গার মেয়াদ নবায়নের আবেদন।

বাংলাদেশ প্রাক্তন সৈনিক সংস্থা, সেনা পল্লী, মিরপুর ১৪ নং এর সম্পাদক কর্তৃক পেশকৃত অফিসের জায়গার মেয়াদ নবায়নের আবেদন পত্র এবং আরও খালি জায়গা বরাদ্দের আবেদন সহ পত্রদ্বয় আলোচনা ও সিদ্ধান্তের জন্য পেশ করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- আবেদনটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২৪ঃ সেনানিবাসের অভ্যন্তরে জায়গা বরাদ্দের আবেদন।

প্রাক্তন সৈনিক কল্যান সমবায় সমিতি লিঃ এর কার্যালয়ের জন্য সেনানিবাসের অভ্যন্তরে কিছু [illegible] জন্য সমিতির সভাপতি আলহাজ মহিবুর রহমান চৌধুরীর ৩০-১২-৯৩ ইং তারিখের [illegible] আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

গৃহীত সিদ্ধান্তঃ- আবেদনটি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২৫ঃ ১৯৯০-৯১ সনের অডিট আপত্তির ব্রডশীট জবাব অবহিত হওয়া।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯০-৯১ সালের অডিট আপত্তি সমূহের উপর ব্রডশীট [illegible] অনুমোদন করা

গৃহীত সিদ্ধান্তঃ- পরবর্তী বোর্ড মিটিংয়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-২৬ঃ** সার্ভিস ষ্টেশন স্থাপনের আবেদন।

সেনানিবাসস্থ বর্তমান পেট্রোল পাম্পে একটি সার্ভিস ষ্টেশন স্থাপনের ব্যাপারে মেসার্স রাজেন ফিলিং ষ্টেশনের গত ৩০-৯-৯৩ ইং তারিখের আবেদন পত্র বিবেচনা করা।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আবেদনটি বিবেচনা করা গেল না।

**প্রস্তাব নং-২৭ঃ** কিন্ডার গার্টেন স্কুল প্রতিষ্ঠানের আবেদন।

ক্যান্ট আবাসিক এলাকার ৭৯ নং বাড়ীতে সেন্ট ফ্রেন্ডস কিন্ডার গার্টেন নামে একটি শিক্ষা প্রতিষ্ঠান চালু করনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা। এতদ্ব্যাপারে পরিচালকের ১০-১১-৯৩ ইং তারিখের আবেদন উপস্থাপন করা গেল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** সংশ্লিষ্ট বাড়ীর মালিক এবং আশে-পাশে বসবাসকারী প্রতিবেশীদের নিকট হইতে অনাপত্তি সূচক সনদপত্র গ্রহন করতঃ অত্র অফিসে দাখিল সাপেক্ষে কিন্ডার গার্টেন স্কুল চালু করার অনুমতি প্রদান করা গেল।

**প্রস্তাব নং-২৮ঃ** দোকানের চুক্তিপত্র সম্পাদন প্রসংগে।

ক্যান্টনমেন্ট বোর্ডের ১৬-১০-৯৩ ইং তারিখের ১৫ নং সিদ্ধান্ত মোতাবেক দোকানের চুক্তি পত্র সম্পাদনের ব্যাপারে আইন উপদেষ্টার পুনঃ মতামত পরবর্তী সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্টের আইন উপদেষ্টার ২২-১১-৯৩ ইং তারিখের পরামর্শ অনুযায়ী চুক্তিপত্র সম্পাদনের অনুমোদন দেওয়া হইল।

**প্রস্তাব নং-২৯ঃ** বিবিধঃ

(ক) এস ই এম ও'র নভেম্বর ও ডিসেম্বর, ৯৩ ইং এর মাসিক স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

(খ) সেনানিবাসের ৭ নং রোডে ক্যান্ট বোর্ডের জায়গায় বর্তমানে অবস্থিত ৪র্থ শ্রেনীর কর্মচারীদিগকে স্থানান্তর করতঃ ক্যান্ট সুপার মার্কেটের উত্তর পূর্ব দিকের খালি জায়গায় পুনর্বাসন করার বিষয় বিবেচনা করা।

(গ) মেসার্স এ এস বেগ এন্টারপ্রাইজের পূর্বে অনুমোদিত [illegible] হিসাবে আরো ২৪ টি পাকা ডাস্টবিন নির্মানের বিষয় অনুমোদন করা।

(ঘ) জোয়ার সাহারা ডি ও এইচ এস এলাকার "ক" গ্রুপের সলিং রাস্তা নির্মান প্রকল্পের গুনগত ত্রুটি প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন করা।

(ঙ) বি টি সি/রাওয়া রোডের গাছ কর্তন।

(চ) অটো রিক্সা ষ্ট্যান্ড তৈরী।

(ছ) ক্যান্ট সুপার মার্কেটে আভ্যন্তরীন রাস্তা চালাই করা।

(জ) ক্যান্ট সুপার মার্কেটের দোকানের ছাদ মেরামত।

(ঝ) সামরিক কর্মকর্তা/কর্মচারীদের পিতাকে সামরিক কবর স্থানে দাফনের অনুমোদন প্রসংগে।

(ঞ) সাভার ও গাজীপুর ক্যান্ট বোর্ডে টেন্ডার পেপার বিক্রয়।

(ট) চলতি প্রকল্পের মাপ গ্রহন।

(ঠ) সি জি এইচ এর উন্নয়ন কল্পে কমিটি গঠন।

**গৃহীত সিদ্ধান্তঃ-** (ক) অবহিত হওয়া গেল।

(খ) সেনানিবাসের ৭ নং রোডে ক্যান্ট বোর্ডের জায়গায় বর্তমানে যে সমস্ত ৪র্থ শ্রেনীর কর্মচারী বসবাস করিতেছে তাহাদিগকে ক্যান্ট সুপার মার্কেটের উত্তর পূর্ব দিকের খালি জায়গায় অস্থায়ী ভাবে পুনর্বাসনের ব্যাপারে অনুমতি প্রদান করা গেল। তবে সংশ্লিষ্ট কর্মচারীদিগকে [illegible] নিজ খরচে ক্যান্ট বোর্ড কর্তৃক এবং [illegible] বোর্ডের অনুমোদিত নকশা মোতাবেক ঘর তৈয়ারী করিতে হইবে। ক্যান্ট বোর্ড হইতে [illegible] পানি, বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ লাইন সংস্থাপন করিবেন। পানি, বিদ্যুৎ ও গ্যাস বিল সংশ্লিষ্ট কর্মচারীদিগকে নিয়মিত পরিশোধ করিতে হইবে। ক্যান্ট বোর্ডের প্রয়োজনে যে কোন সময় তাহারা ঐ জায়গা ছাড়িয়া দিতে বাধ্য থাকিবে।

(গ) মেসার্স এ এম বেগ এন্টারপ্রাইজের গত ২৩-৮-৯৩ ইং তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নং-৯(১) এর মাধ্যমে অনুমোদিত ২৫% উর্ধ হারে বর্ধিত কাজ হিসাবে আরো ২৪(চব্বিশ) টি পাকা ডাষ্টবিন নির্মানের সিদ্ধান্ত গৃহীত হইল। এতদ্বিষয়ে সংশ্লিষ্ট ঠিকাদারকে অবিলম্বে কার্যাদেশ দেওয়া হউক।

(ঘ) গত ৭-১২-৯৩ ইং বেলা ১১-০০ টায় ক্যান্টনমেন্ট বোর্ডের প্রেসিডেন্ট মহোদয় সংগে সি এম ই এস(আর্মি), এস এস ও, এ জি ই আর্মি(নর্থ), সি ই ও, ক্যান্ট ইন্জিনিয়ার জনাব এম, জামান এবং বোর্ডের টেন্ডার কমিটির সভাপতি ক্লাঃলেঃ এ বি এম এ রশিদ(অবঃ) কে নিয়া জোয়ার সাহারা ডি ও এইচ এস এর সলিং রাস্তা নির্মান কাজ পরিদর্শন করেন। এক পর্যায়ে মেসার্স গাজী এন্ড কোং(মালিক জনাব এ কে এম পাটোয়ারী) কর্তৃক সম্পাদিত "ঝ" গ্রুপের রাস্তা খুঁড়িয়া নিম্নলিখিত অনিয়ম পরিলক্ষিত হয়ঃ-

(১) রাস্তা তৈরীর কাজে প্রথম শ্রেনীর ইটের পরিবর্তে প্রায় ৩০% অতি নিম্নমানের আধলা ইট দ্বারা ফ্ল্যাট সলিং করা হইতেছে।

(২) ফ্ল্যাট সলিং এর নীচে ৬" বালুর পরিবর্তে কোথাও কোথাও ৩", ৩½" হইতে ৪½" বালু পাওয়া যায়।

(৩) হেরিং বোন সলিং এ প্রথম শ্রেনীর ইটের পরিবর্তে নিম্নমানের ইট ব্যবহৃত হইয়াছে।

একই ঠিকাদার ১৯৯২ সালে সেনা নিবাস হইতে ভাষানটেক গামী রাস্তার নির্মান প্রকল্পে ২৪" বালুর পরিবর্তে ৩" বালু ভরাট করিয়াছিলেন যাহা প্রেসিডেন্ট ক্যান্ট বোর্ড, সি ই ও, জি ই(নর্থ) এবং ক্যান্ট বোর্ড ইন্জিনিয়ারের পরিদর্শনে ধরা পড়িয়াছিল। উপরোক্ত অনিয়মের জন্য "ঝ" গ্রুপের প্রকল্প তত্ত্বাবধানের সহিত জড়িত ক্যান্ট বোর্ডের প্রকৌশল শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারী এবং উপরোল্লিখিত ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য ডি এম এল এন্ড সি মহোদয়কে অনুরোধ করা গেল।

(ঙ) যানবাহন চলাচলের সুবিধার্থে বি টি সি'র বাউন্ডারী ওয়ালের কোনায় অবস্থিত ৪/৫ টি গাছ কর্তনের সিদ্ধান্ত গৃহীত হইল।

(চ) মহাখালী ডি ও এইচ এস এলাকায় জরুরী ভিত্তিতে ১ টি পাকা অটো রিক্সা ষ্ট্যান্ড তৈরীর সিদ্ধান্ত গৃহীত হইল।

(ছ) বাজারের আয়ের অর্থ দ্বারা আভ্যন্তরীন রাস্তা সমূহ চালাই করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(জ) অত্যাবশ্যকীয় ক্ষেত্রে দোকানের ছাদ মেরামতের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঝ) সামরিক কর্মকর্তা ও অন্যান্য পদবীর সৈনিকদের উপর নির্ভরশীল পিতাদেরকে সামরিক কবরস্থানে দাফনের অনুমোদন দানের জন্য সেনাসদরকে অনুরোধ করা গেল।

(ঞ) অত্র ক্যান্ট বোর্ডের টেন্ডার পেপার সমূহ ভবিষ্যতে গাজীপুর ও সভার ক্যান্ট বোর্ড হইতে একযোগে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ট) বোর্ডের চলতি প্রকল্প সমূহের দৈনন্দিন/সাপ্তাহিক খসড়া মাপ গ্রহন করিয়া উহাতে ভারপ্রাপ্ত ইন্জিনিয়ারের স্বাক্ষর গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঠ) ক্যান্ট জেনারেল হাসপাতালের উন্নয়ন প্রকল্প প্রনয়নের ব্যাপারে সহায়তা করার জন্য নিম্ন বর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা গেলঃ-

(১) সভাপতি- জনাব মোঃ আজিজ খান, সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
(২) সদস্য- সিনিয়র মেডিক্যাল অফিসার, ক্যান্ট জেনারেল হাসপাতাল।
(৩) সদস্য- ক্যান্টনমেন্ট ইন্জিনিয়ার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

উক্ত কমিটি সি জি এইচ এর বর্তমান কর্মপদ্ধতি পর্যবেক্ষন করে ভবিষ্যৎ উন্নয়নের জন্য পরামর্শ দিবেন।

উপস্থিত সদস্যদিগকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

(মোঃ আবদুল করিম)
সেক্রেটারী,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল মোঃ শাহজাহান মিয়া)
প্রেসিডেন্ট,
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।